

Model Activity Task 2022 February

Class 5| Bengali | Part-2

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| ফেব্রুয়ারী

পঞ্চম শ্রেণী | বাংলা | পার্ট -২ |

পূর্ণমান -১৫

১.ঠিক উত্তরটি বেঁছে লেখো

১.১ “বুনো হাঁস “ গল্পের ঘটনাস্থল-

(ক)চীন

(খ) ভারতের লাডাক

(গ)সাইবেরিয়া

(ঘ) আলাস্কা

১.২ বাড়ির জন্য মন কেমন করত

(ক)বুনো হাঁসদের (খ) জওয়ানদের

(গ) ডাক কর্মীদের (ঘ) সাংবাদিকদের

১.৩ বুনো হাঁসদের খাদ্য তালিকায় যেটি ছিল না-

(ক)টিনের মাছ (খ) মাংস

(গ) তরকারি (ঘ) ফলের কুচি

২ নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও

২.১ ‘ এখন যদি আকাশের দিকে চেয়ে দেখো’ – কি দেখা যাবে?

উঃ এখন আকাশের দিকে তাকালে দেখা যাবে যে দলে দলে বুন হাঁস তীরের ফলার মতো উত্তর দিকে উড়ে চলেছে।

২.২ বরফ পড়তে শুরু করলেই জোয়ানরা কি করল?

উঃ বরফ পড়তে শুরু করলে জোয়ানরা আহত হাঁসটিকে তাবুতে নিয়ে এল।

২.৩ একদিন সকালের কাজ সেরে এসে জোয়ানরা কি দেখল?

উঃ একদিন সকালে কাজ সেরে এসে জোয়ানেরা দেখল বুনো হাঁস দুটি উড়ে চলে গেছে।

### ৩ নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও

৩.১' একদিন একটা বুনো হাঁস দল ছেড়ে নেমে পড়ল। ' তারপর কি ঘটল?

**উঃ** বুনো হাঁসটি ঝোপের উপর অসুস্থ হয়ে নেমে পড়ায় তার সঙ্গীটিও নেমে তার চারপাশে উড়তে লাগলো। বরফ পড়া শুরু হতেই জোয়ানরা আহত হাঁসটিকে নিয়ে তাবুতে ফিরে এল ও তার শুশ্রূষা করতে শুরু করল। অপর হাঁসটিও তার পিছনে তাবুতে ঢুকল। এরপর থেকে হাঁস দুটি তাবুতেই মুরগী রাখার খাচায় থাকার জায়গা পেল।

৩.২'... জোয়ানদের একটা আনন্দেরই কাজ হয়ে দাঁড়াল' - তাদের আনন্দের কাজটি কি ছিল?

**উঃ** একটি ডানা জখম হওয়া বুনো হাঁস ও তার সঙ্গীকে জোয়ানরা তাদের তাবুতে আশ্রয় দিয়েছিল, তাদের টিনের কৌটোর মাছ, তরকারী, ফলের কুচি ইত্যাদি খেতে দিত। মুরগী রাখার খাচায় তারা আশ্রয় পেয়েছিল। তাদের দেখভাল করার কাজটি ছিল জোয়ানদের কাছে আনন্দের।

৩.৩ একটি আহত হাঁসের প্রতি তার দলের আর একটি অনুভূতি ' বুনো হাঁস' গল্পে কীভাবে প্রকাশ পেয়েছে?

**উঃ** আহত হাঁসকে ডানা ভেঙ্গে নিচে পড়ে যেতে দেখে তার সঙ্গী হাঁসটিও দল ছেড়ে তার সঙ্গে নেমে পড়ে। এমনকি জোয়ানরা আহত হাঁসটির কাছে গেলে সে তার বন্ধুকে বাঁচানোর জন্য তাদের দিকে তেড়ে আসে। আহত হাঁসটি যখন একটু একটু করে সেরে উঠল তখন সে চাইলে উড়ে যেতে পারত। কিন্তু সে যাই নি। এভাবেই আহত হাঁসের প্রতি তার বন্ধু হাঁস পরম বন্ধুর মতো আচরণ করেছিল।

### ৪ নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো

'এমনি করে সারা শীত দেখতে দেখতে কেটে গেল' - শীত কেটে যাওয়ায় প্রকৃতিতে কি কি পরিবর্তন দেখা গেল।

**উঃ** শীত কাটার পর নীচের পাহাড়ের বরফ গলে গেল। বরফ সরে যাওয়ায় সবুজ ঝোপঝাড় বেরিয়ে পড়লো। ন্যাড়া গাছে আবার পাতা ও ফুলের কুঁড়ি গজিয়ে উঠল। আর যে সব পাখিরা শীতের সময় দক্ষিণে গেছিল তারা আবার উত্তর দিকে ফিরতে লাগলো।